# জে এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

বিষয় কোড : | 1 | 5 | 4 |

সময়–২ ঘণ্টা পূর্ণমান: ২৫+২৫=৫০

## ক-বিভাগ: সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন

যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও মান ৫×৫=২৫

১. আইসিটির উদ্ভাবনী ও কুশলী প্রয়োগের ফলে উল্লেখযোগ্য নাগরিক সেবাগুলো বর্ণনা কর

২. ★ হ্যাকিং কী? হ্যাকারের শ্রেণিবিভাগ আলোচনা কর।

৩. তথ্য অধিকার বলতে কী বোঝ? তথ্য অধিকার আইন সম্পর্কে যা জানো লিখ।

৪. 'শিক্ষা ক্ষেত্রে ইন্টারনেটের গুরুত্ব অনেক'– আলোচনা কর।

৫. Yahoo তে ই-মেল খোলার জন্য কী কী করতে হয়?

৬. ইমেল পাঠানো এবং ইমেইল একাউন্ট হতে বের হওয়ার পদ্ধতি লিখ।

৭. ★ ম্যালওয়্যার, স্পাইওয়্যার ও কম্পিউটার ভাইরাসের মধ্যে সম্পর্ক কী? কম্পিউটার ভাইরাসে আক্রান্ত হলে কী কী লক্ষণ দেখা যায়?

৮. মোবাইল ফোনের বিকাশের ফলে বাংলাদেশে কী কী নতুন কর্মের সৃষ্টি হয়েছে?

## খ বিভাগ : বহুনির্বাচনি অভীক্ষা

সময়–২৫ মিনিট বহুনির্বাচনি অভীক্ষা মান–২৫

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. বিশ্বের জনপ্রিয় তথ্য খোঁজার সাইট কোনটি?
ক) ইয়াহু খ) ই-মেইল
গ) হট মেইল ঘ) গুগল

২. ব্রাউজিং হলো—
ক) ওয়েবসাইটে প্রবেশ খ) ওয়েবসাইট হতে বাহির
গ) ওয়েবসাইটে ঘুরে বেড়ানো ঘ) বিভিন্ন দেশে ঘুরে বেড়ানো

৩. অপরাধ দমনে ব্যবহৃত প্রযুক্তি হলো—
i. ক্লোজ সার্কিট ক্যামেরা
ii. মেটাল ডিটেক্টর দরজা
iii. আগুন শনাক্তকারী যন্ত্র
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

https://teachingbd24.com

৪. ★ সাধারণ কম্পিউটার প্রোগ্রাম বা প্রোগ্রাম গুচ্ছ থাকে—
ⓚ দুই ধরনের ⓛ তিন ধরনের
ⓜ চার ধরনের ⓝ এক ধরনের

৫. স্পাইওয়্যার বা এডওয়্যারের পুনরুৎপাদন ক্ষমতা—
ⓚ আছে ⓛ নেই
ⓜ কিছু আছে ⓝ বেশি

৬. বিশ্বের প্রথম ইন্টারনেট ওয়ার্ম কোনটি?
ⓚ স্পাইওয়্যার ⓛ কিলগার
ⓜ মরিসওয়ার্ম ⓝ ট্রোজান হর্স

৭. কম্পিউটার ভাইরাস প্রোগ্রাম লেখার আগে কোন বিজ্ঞানী বিষয়ে আলোকপাত করেন?
ⓚ নিউটন ⓛ জন ভন নিউম্যান
ⓜ মার্কস ⓝ ল্যানিন

৮. ★ একমুখী ব্রডকাস্টের সবচেয়ে সহজ উদাহরণ হলো—
ⓚ রেডিও ও টেলিভিশন
ⓛ রেডিও এবং মোবাইল
ⓜ খবরের কাগজ এবং ম্যাগাজিন
ⓝ স্মার্টফোন এবং ইন্টারনেট

৯. ইন্টারেক্টিভ ভয়েস প্রযুক্তি ব্যবহার করে—
ⓚ গ্রাহকের মোবাইলে টাকা পাঠানো যায়
ⓛ গ্রাহকের নির্দিষ্ট প্রশ্নের উত্তর দেওয়া যায়
ⓜ দুর্নীতি পরায়ণ ব্যক্তিদের শণাক্ত করা যায়
ⓝ অতি সহজে আতঙ্ক সৃষ্টিকারীদের ধরা যায়

১০. Google কী?
ⓚ ই-মেইল ⓛ সার্চ ইঞ্জিন
ⓜ টুইটার ⓝ ফেসবুক

১১. বাজারে দ্রব্যের চাহিদার সাথে মিল রেখে নিয়ন্ত্রণ করতে হয়—
ⓚ মজুদ ⓛ উৎপাদন
ⓜ সরবরাহ ⓝ কাঁচামাল

১২. ই-মেইল ঠিকানা কোনটি?
ⓚ mamun @ com ⓛ kawsar.com
ⓜ abdur @ gmail.com ⓝ rogudev@yahoo

১৩. ★ আউটসোর্সিং করতে হলে ব্যক্তিকে হতে হবে—
i. ভাষায় দক্ষ
ii. কাজে দক্ষ
iii. নিজস্ব ওয়েবসাইটের মালিক
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

১৪. বাংলাদেশে তথ্য অধিকার আইন কত সালে বলবৎ হয়?
ⓚ ২০০৮ ⓛ ২০০৯
ⓜ ২০১০ ⓝ ২০১১

১৫. টেন্ডারে দুর্নীতি কমানো যায়—
ⓚ ই-মেইলের মাধ্যমে
ⓛ জি-মেইলের মাধ্যমে
ⓜ গুগলের মাধ্যমে
ⓝ ইলেকট্রনিক টেন্ডারের মাধ্যমে

১৬. ★ নাগরিক পরিসেবা হলো—
i. ই-পুঁজি
ii. ই-পর্চা
iii. ই-কমার্স
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

১৭. Lastpass, Keepass কী?
ⓚ পাসওয়ার্ড ⓛ পাসওয়ার্ড অফিসার
ⓜ পাসওয়ার্ড ম্যানেজার ⓝ ই-মেইল

১৮. তথ্যের চর্চা এবং বিশ্লেষণ থেকে কী জন্ম নেয়?
ⓚ উপাত্ত ⓛ জ্ঞান
ⓜ অজ্ঞতা ⓝ প্রেক্ষাপট

নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও:
হাসনা একটি মোবাইল ফোন কিনেছে যাতে আধুনিক সব সুবিধা বিদ্যমান। এটি সহজে বহনযোগ্য ও 4G প্রযুক্তি ব্যবহারে উপযোগী।

১৯. উদ্দীপকে উল্লেখিত মোবাইল ফোনটি—
ⓚ সাধারণ ফোন ⓛ স্মার্টফোন
ⓜ টেলিফোন ⓝ ওয়্যারলেস

২০. উক্ত মোবাইল ফোনটির জনপ্রিয়তার কারণ—
i. ব্যবহারে সহজ
ii. সাশ্রয়ী মূল্যের
iii. এটি সর্বোচ্চ সেবা প্রদানে সক্ষম
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২১. নিচের কোনটি এন্টি-ভাইরাস নয়?
ⓚ অ্যাভাস্ট ⓛ পান্ডা
ⓜ নিমডা ⓝ নরটন

২২. ★ আইসিটি ব্যবহার করে অফিসের কাজকর্ম নিয়ন্ত্রণ করাকে কী বলা হয়?
ⓚ ই-কমার্স ⓛ ই-বুক
ⓜ ই-গভর্নেন্স ⓝ এনিমেশন

২৩. ইন্টারনেটকে "Interconnected Network" বলার কারণ—
i. এটি বিশ্বব্যাপী অসংখ্য কম্পিউটারের সাথে যুক্ত
ii. এর মাধ্যমে বিশ্বের যে কোনো ব্যক্তির সাথে যোগাযোগ করা যায়
iii. এর মাধ্যমে বিশ্বের অসংখ্য ব্যক্তির সাথে যোগাযোগ করা যায়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২৪. কীভাবে নির্দিষ্ট ওয়েবসাইট খুঁজে পাওয়া যায়?
ⓚ ওয়েবসাইটের ভিতরের তথ্য দিয়ে
ⓛ ওয়েবসাইটের নাম দিয়ে
ⓜ ওয়েবসাইটের নাম ছাড়াই
ⓝ ওয়েবসাইটটি তৈরির তথ্য দিয়ে

২৫. ওয়েব ব্রাউজারের ওয়েবসাইটের ঠিকানা লেখার জন্য নির্দিষ্ট জায়গাকে কী বলে?
ⓚ অ্যাড্রেসবার ⓛ মেনুবার
ⓜ আইকন ⓝ হোমপেইজ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | গ | ৩ | ক | ৪ | ক | ৫ | খ | ৬ | গ | ৭ | খ | ৮ | ক | ৯ | খ | ১০ | খ | ১১ | ক | ১২ | গ | ১৩ | ক |
| ১৪ | খ | ১৫ | ঘ | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | গ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | ক | | |

teachingbd24.com